

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ই-গভর্নেন্স-২ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ২৫ মাঘ ১৪২৫/০৭ ফেব্রুয়ারি ২০১৯

স্মারক নম্বর ০৪.০০.০০০০.৮৩৩.৩২.০০১.১৮.২৪—বৃপকল্প-২০২১ অনুসরণে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বাস্তবায়নে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহ জনকল্যাণমুখী নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে। সময়াবদ্ধ পরিকল্পনা গ্রহণের পাশাপাশি বিভিন্ন নীতি-নির্দেশনায়ও কম সময়ে, স্বল্প খরচে এবং ভোগান্তিবিহীনভাবে সেবা পৌঁছানোর ওপর গুরুত্বারোপ করা হয়েছে। তথ্য ও সেবা জনগণের হাতের মুঠোয় পৌঁছে দেওয়ার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে জাতীয় তথ্য বাতায়ন তৈরি করা হয়েছে যেখানে ৪৫০০০-এরও অধিক সরকারি দপ্তরের তথ্য সহজলভ্য হয়েছে এবং পৃথিবীর সর্ববৃহৎ সরকারি বাতায়ন হিসেবে তা ইতোমধ্যে ভূয়সী প্রশংসিত হয়েছে। কম সময়ে সেবাপ্রত্যাশীগণের নিকট কাগজবিহীন পদ্ধতিতে সেবা পৌঁছে দেওয়ার নিমিত্ত ই-নথি প্রচলন করা হয়েছে যা অচিরেই সকল সরকারি দপ্তরে বাস্তবায়িত হবে। সরকারি দপ্তর থেকে প্রদেয় সকল সেবা সহজিকরণ এবং ই-সেবায় রূপান্তরের জন্য দপ্তরসমূহ কর্তৃক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। জনপ্রশাসনে উদ্ভাবন-সংস্কৃতি বিকাশে সরকারি সেবা প্রদায়কগণের মধ্যেও বিপুল উদ্দীপনা সৃষ্টি হয়েছে।

২। বর্ধিতাবস্থায়, সরকারি দপ্তরসমূহ থেকে প্রদেয় সেবাসমূহ ব্যবহারকারীবাঞ্ছবরূপে দ্রুত সম্প্রসারণ এবং দেশে উদ্ভাবন-সংস্কৃতি প্রতিষ্ঠায় পরিবীক্ষণ ও সমন্বয়সাধনে নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

( ১৪৩৩ )

মূল্য : টাকা ৪.০০

## (ক) কমিটির গঠন :

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ	আহ্বায়ক
২. অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৩. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চিফ ইনোভেশন অফিসার	সদস্য
৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
৫. অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
৭. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিবের নিচে নয়)	সদস্য
৮. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম	সদস্য
৯. যুগ্মসচিব (ই-গভর্নেন্স), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য-সচিব

## (খ) কমিটির কার্যপরিধি :

১. মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ-বিষয়ক অগ্রগতি পরিবীক্ষণ;
২. মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহে সরকারি ই-মেইল, ভিডিও কনফারেন্সিং, ই-নথির ব্যবহার মূল্যায়ন ও পরিবীক্ষণ;
৩. মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহ কর্তৃক গৃহীত উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ;
৪. মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহ কর্তৃক গৃহীত সেবা সহজিকরণ-বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়সাধন;
৫. সরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তরসমূহে ই-সেবার সম্প্রসারণ বিষয়ে সমন্বয়সাধন;
৬. মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থাসমূহের সেবা-প্রদানকারীগণের তথ্যপ্রযুক্তি-বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয়সাধন;
৭. প্রতিবছর সেবা সহজিকরণ, অনুসরণীয় দৃষ্টান্ত ও উদ্ভাবন-সংক্রান্ত সংকলন প্রকাশ;
৮. কমিটি প্রতিমাসে অন্তত একবার সভায় মিলিত হয়ে উপর্যুক্ত বিষয়ের অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ করবে; এবং
৯. কমিটি প্রয়োজনে কোনো উপযুক্ত ব্যক্তিকে কমিটির সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোছাঃ শিরিন সবনম  
উপসচিব

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd